

জেগে থাকে সন্দেহ

কোন কোন দিন খুব  
জেগে থাকতে ইচ্ছে করে  
তখন রাতকে ছুটি দিয়ে  
জেগে থাকি একা  
জেগে থাকতে থাকতে ভাবি  
আমি বেঁচে আছি তো  
আমার শরীর থেকে উঠে আসে সন্দেহ  
ফিরে আসে রাত, সে বলে  
তুমি কি ঘুমবে একটু?  
আমি ঘুমিয়ে পড়ি  
জেগে থাকে সন্দেহ।

মলয় দাশগুপ্ত

